নির্বাচন অগ্রাধিকার

জরুরী আলোচনা করুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৪. ২০১৫- ১২৪১

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪৩০ / ১৯ নভেম্বর ২০২৩

## নির্বাহী আদেশ

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সরকার জাতির কাছে সাংবিধানিকভাবে দায়বদ্ধ। অবাধ, সুষ্ঠ, শান্তিপূর্ণ ও ভয়ভীতিহীন পরিবেশে উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিয়াছে। নির্বাচন কমিশনের এই দায়িত্ব সুচারুরূপে সম্পাদনের জন্য সরকারি অফিস ও সংস্থাসমূহ সকল প্রকার সহযোগিতা করিতে আইনগত বাধ্য। এই নির্বাচন অনুষ্ঠানে সরকারের সাহায্য-সহযোগিতার পাশাপাশি স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নিকট হইতেও প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা অত্যাবশ্যক।

২। নির্বাচনের সময় নির্বাচনি এলাকার সর্বত্র শান্তি-শৃঙ্খলা রক্ষা করা সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের পূর্বশর্ত। শান্তি-শৃঙ্খলা রক্ষা করিবার দায়িত্ব মূলত সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থা/কর্তৃপক্ষের উপর অর্পিত থাকিলেও এই ব্যাপারে স্থানীয় জনসাধারণ এবং নেতৃবৃন্দের সাহায্য ও সহযোগিতা একান্ত প্রয়োজন। শান্তি-শৃঙ্খলা রক্ষার এই তাৎপর্যপূর্ণ ভূমিকা পালনের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে সিটি কর্পোরেশন/পৌরসভা/জেলা পরিষদ/উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদসমূহের দায়িত্ব বিশেষ গুরুত্বপূর্ণ।

৩। **উল্লিখিত প্রেক্ষাপটে দেশের সংশ্লিষ্ট স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ জাতীয় সংসদের উল্লিখিত নির্বাচনকে সুষ্ঠু ও** শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নোক্ত দায়িত্বাবলী পালন করিবে:

(১) স্ব স্ব এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষার্থে আইন-প্রয়োগকারী সংস্থাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(২) নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে নির্বাচন কমিশন সময়ে সময়ে যে সব আদেশ/নির্দেশ জারি করিয়াছে কিংবা করিবে তাহা প্রতিপালন;

(৩) নির্বাচনী মিছিল, সভা ও প্রচারণা যাহাতে অবাধ, শান্তিপূর্ণ ও বিধি অনুযায়ী হয় সেই দিকে লক্ষ্য রাখা;

(৪) কোন নির্বাচনী অফিস বা প্রতীক বা পোস্টার নষ্ট করিবার যে কোন প্রচেষ্টারোধে সামাজিক প্রতিরোধ গঠনে সহায়তা করা;

(৫) সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ কিংবা ইউনিয়ন পরিষদে এমন কোন উন্নয়ন স্কীম গ্রহণ ও বাস্তবায়ন করিবে না যাহা জাতীয় সংসদ নির্বাচনে কোন প্রার্থীর ভোট প্রাপ্তিতে বা প্রচারণার পক্ষে ব্যবহৃত হইতে পারে;

(৬) সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ কিংবা ইউনিয়ন পরিষদের কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অনুদান বা অনুদানের প্রতিশ্রুতি দিতে পারিবে না যাহা কোন প্রার্থীর ভোট প্রাপ্তি বা প্রচারণার কাজে প্রভাব বিস্তার করিবে;

(৭) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কোন অফিস, যানবাহন এবং অন্যান্য সম্পত্তি কোন প্রার্থীর নির্বাচন বা প্রচারণার কাজে কোনভাবেই ব্যবহার করা যাইবে না। মাশুল পরিশোধ করিয়াও ব্যক্তিগত কাজে কোন যানবাহন ব্যবহার করার অনুমতি দেওয়া যাইবে না;

(৮) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ কোন প্রার্থীর নির্বাচনি কাজে বা প্রচারণায় অংশগ্রহণ করিতে পারিবে না;

(৯) ভোটকেন্দ্র নির্মাণসহ নির্বাচন সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রয়োজন হইলে স্থানীয় সরকার প্রতিষ্ঠান উহা প্রদান করিবে;

(১০) স্থানীয় সরকার প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধিগণ তাহাদের পদমর্যাদা, সরকারি সুযোগ সুবিধা ইত্যাদি কোন প্রার্থীর নির্বাচনি কাজে ব্যবহার করিতে পারিবেন না।

৪। উল্লিখিত স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এই আদেশে বর্ণিত দায়িত্ব পালনে ব্যর্থ হইলে, শৈথিল্য প্রদর্শন করিলে কিংবা অবহেলা করিলে উক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিরুদ্ধে সংশ্লিষ্ট অধ্যাদেশ/ আইন/বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৫। এই আদেশ জারির তারিখ হইতে নির্বাচনের পরবর্তী ১৫ দিন পর্যন্ত বলবৎ থাকিবে।

১৭/১১/২০২৩

মুহম্মদ ইব্রাহিম
সচিব

প্রাপক,

১। মেয়র, -------------------------- সিটি কর্পোরেশন (সকল)।
২। চেয়ারম্যান ------------------------------- জেলা পরিষদ(সকল)।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ---------------------(সকল)।
৪। মেয়র, ------------------------------ পৌরসভা (সকল)।
৫। চেয়ারম্যান, --------------------------- ইউনিয়ন পরিষদ (সকল)।

সংখ্যা- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১৪. ২০১৫- ১২৪১/১(১৪)

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪৩০ / ১৭ নভেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, -------------------------- (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার।
৬। বিভাগীয় কমিশনার, -------------------------- (সকল)।
৭। উপ-মহাপুলিশ পরিদর্শক, -------------------------------- (সকল)।
৮। জেলা প্রশাসক, --------------------------------- (সকল) ও রিটার্নিং অফিসার।
৯। পুলিশ সুপার, ------------------------------------ (সকল)।
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, --------------------------- (সকল)।
১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ----------------------- (সকল)।
১২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ------------------------------(সকল)।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, ------------------------ (সকল)।
১৪। উপজেলা নির্বাচন অফিসার,- --------------------- (সকল)।

১৭/১১/২০২৩

প্রত্যয় হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৫৫১০১১৮১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, গাজীপুর
এবং
রিটার্নিং অফিসারের কার্যালয়

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নথি নং ১৭.০২.৩৩০০.০০০.৩৬.০০৪.২৩-০২ তারিখঃ ১৯/১১/২০২৩খ্রি.

# গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গাজীপুর জেলার ৫টি নির্বাচনি এলাকার (১৯৪-গাজীপুর-০১, ১৯৫-গাজীপুর-০২, ১৯৬-গাজীপুর-০৩, ১৯৭-গাজীপুর-০৪, ১৯৮-গাজীপুর-০৫) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮ এর ৩ বিধির (২) (খ) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের বিধান রাখা হয়েছে। এ বিষয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জারি করা পরিপত্র-২ এর অনুচ্ছেদ (২) অনুযায়ী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইট (http//www.ecs.gov.bd) থেকে অনলাইনে মনোনয়নপত্র পূরণের নির্দেশিকা অনুসরণ পূর্বক অনলাইনেই দাখিল করা যাবে।

**অনলাইনে মনোনয়নপত্র দাখিল পদ্ধতি**

(ক) ওয়েব পোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।

(খ) ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

(গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস-এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হইবেন।

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের পঞ্চম খন্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খন্ডে উল্লেখপূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ইমেইলে প্রেরণ করেবেন।

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।

উল্লেখ্য, বর্তমান ঘোষিত তফসিল অনুযায়ী মনোনয়পত্র দাখিলের সর্বশেষ সময় ৩০ নভেম্বর (বৃহস্পতিবার) ২০২৩খ্রি. বিকাল ৪.০০টা।

আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম
জেলা প্রশাসক, গাজীপুর
এবং
রিটার্নিং অফিসার

নথি নং ১৭.০২.৩৩০০.০০০.৩৬.০০৪.২৩-০২ তারিখঃ ১৯/১১/২০২৩খ্রি.

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৪. পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রো পলিটন পুলিশ, গাজীপুর
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
৭. অধিনায়ক, ৬৩ বিজিবি ব্যাটালিয়ন, গাজীপুর
৮. অধিনায়ক, র‍্যাব-১, উত্তরা, ঢাকা
৯. পুলিশ সুপার, গাজীপুর
১০. জেলা নির্বাচন অফিসার, গাজীপুর
১১. উপজেলা নির্বাহী অফিসার, ------------- (সকল), গাজীপুর
১২. ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট, গাজীপুর
১৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাজীপুর
১৪. জেলা তথ্য অফিসার, গাজীপুর
১৫. উপজেলা/থানা নির্বাচন অফিসার, --------- (সকল), গাজীপুর
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, গাজীপুর
১৭ অফিস কপি।

জেলা প্রশাসক, গাজীপুর
এবং
রিটার্নিং অফিসার

গাজীপুর সিটি কর্পোরেশন
নগর ভবন
প্রশাসন শাখা

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর ৪৬.১৯.০০০০.০০৪.৯৯.২২২.২৩.৭৮৩

তারিখ ঃ ০৫ অগ্রহায়ণ ১৪৩০
২০ নভেম্বর ২০২৩

উপর্যুক্ত গণ-বিজ্ঞপ্তির মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০/১১/২০২৩

মোঃ আব্দুল হান্নান
সচিব
গাজীপুর সিটি কর্পোরেশন

বিতরণ:

১। কাউন্সিলর (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৩। ওয়ার্ড সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)

অনুলিপি:

০১. মেয়র এর একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র-এঁর সদয় অবগতির জন্য)
০২. প্রধান নির্বাহী কর্মকর্তা- এঁর স্টাফ অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩. প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
০৪. নোটিশ বোর্ড, গাজীপুর সিটি কর্পোরেশন